আমি ও ‘ইমরান হুসাইন ‘আলী ইবন আবূ ত্বলিবের পিছনে সালাত আদায় করলাম। তিনি সাজদাহ্ করার সময় তাকবীর বলেছেন। উঠার সময় তাকবীর বলেছেন এবং দু’ রাক‘আত শেষে দাঁড়ানোর সময় তাকবীর বলেছেন।

মুতাররিফ ইবন আব্দুল্লাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি ও ‘ইমরান হুসাইন ‘আলী ইবন আবূ ত্বলিবের পিছনে সালাত আদায় করলাম। তিনি সাজদাহ্ করার সময় তাকবীর বলেছেন। উঠার সময় তাকবীর বলেছেন এবং দু’ রাক‘আত শেষে দাঁড়ানোর সময় তাকবীর বলেছেন। সালাম ফিরানোর পর ‘ইমরান আমার হাত ধরে বললেন, ইনি তো (‘আলী) আমাকে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাত স্মরণ করিয়ে দিলেন। অথবা বললেন, তিনি তো আমাদের নিয়ে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাতের ন্যায় সালাত পড়লেন। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটিতে রয়েছে সালাতের নিদর্শনের বর্ণনা। আর তা হলো তাকবীর বলার মাধ্যমে আল্লাহর জন্য বড়ত্ব ও মহত্বকে সাব্যস্ত করা। মুতাররিফ বর্ণনা করেন যে, তিনি এবং ইমরান ইবন হুসাইন আলী ইবন আবী তালেবের পেছনে সালাত আদায় করেন। তিনি সাজদাহ্ করার সময় তাকবীর বলেছেন। তারপর সেজদাহ থেকে মাথা উঠানোর সময় তাকবীর বলেছেন। দুই তাশাহুদ বিশিষ্ট সালাতে প্রথম তাশাহুদ থেকে উঠার সময় দাঁড়ানো অবস্থায় তাকবীর বলেছেন। এ সব স্থানে অনেক মানুষ সরবে তাকবীর বলা ছেড়ে দিয়েছেন। সালাম ফিরানোর পর ‘ইমরান মুতাররিফের হাত ধরে বললেন, ‘আলী রাদিয়াল্লাহু আনহু তার এ সালাত দ্বারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত স্মরণ করিয়ে দিলেন। তিনি এ স্থানগুলোতে তাকবীর বলতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/5275